# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 27 March, 2025

জাতীয় ঈদগাহে আসন্ন ঈদুল ফিতরের প্রধান জামাত সকাল সাড়ে ৮টায় অনুষ্ঠিত হবে।তবে, আবহাওয়া প্রতিকূল থাকলে ঈদের প্রধান জামাত সকাল ৯টায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে হবে।

ঈদুল ফিতর উদযাপনে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় সম্প্রতি এ সিদ্ধান্ত হয়।সভার কার্যবিবরণী থেকে এ তথ্য জানা গেছে।ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত ওই সভায় সভাপতিত্ব করেন উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন।

সভার সিদ্ধান্তে বলা হয়, আবহাওয়া অনুকূলে থাকলে হাইকোর্ট প্রাঙ্গণে জাতীয় ঈদগাহে সকাল সাড়ে ৮টায় ঈদুল ফিতরের প্রধান জামাত আয়োজন করা হবে। সকাল ৯টায় বায়তুল মোকাররম মসজিদে প্রধান জামাত অনুষ্ঠিত হবে।

আরও বলা হয়, আবহাওয়া দুর্যোগপূর্ণ হলে ঈদের প্রধান জামাত বায়তুল মোকাররম মসজিদে স্থানান্তরের বিষয়ে তাৎক্ষণিক সিদ্ধান্ত দিতে ঢাকার বিভাগীয় কমিশনারকে আহ্বায়ক করে মন্ত্রিপরিষদ বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, এসএসএফ, ডিএমপি কমিশনার, আবহাওয়া অধিদপ্তর, স্পারসো এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে।কমিটি প্রধান জামায়াতের নির্ধারিত সময়ের আগে যেকোনো সময়ে দুর্যোগপূর্ণ আবহাওয়ায় বায়তুল মোকাররম মসজিদে ঈদের জামাত স্থানান্তরের ব্যবস্থা নেবেন।

প্রধান জামাতের প্রথম কাতারটি গত বছরের তুলনায় লম্বা করা হবে যেন ভিআইপিরা প্রথম কাতারে দাঁড়াতে পারেন।ঈদগাহ মাঠে আসা মুসল্লিদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে ব্যবস্থা নেওয়া হবে।

মূলত ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন ঈদের প্রধান জামাত আয়োজনের দায়িত্বে রয়েছে।তারা এ বিষয়ে প্রস্তুতি নিচ্ছে বলে জানা গেছে।বরাবরের মতো এবারও বায়তুল মোকাররম মসজিদে পাঁচটি ঈদ জামাত অনুষ্ঠিত হবে।

চাঁদ দেখা সাপেক্ষে আগামী ৩১ মার্চ বা ১ এপ্রিল মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব ঈদুল ফিতর উদযাপিত হবে।ঈদুল ফিতরের দিন রাজধানীতে ঈদগাহ ও বিভিন্ন মসজিদে মুসল্লিরা দুই রাকাত ওয়াজিব নামাজ আদায় করবেন।

ঈদ মসজিদ নামাজ নামাজের-সময় সূচি ঈদ-যাত্রা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:30

URL: https://www.timestodaybd.com/bangladesh/114181475